# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 28.08.2024** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) ধর্ষণের সর্বোচ্চ সাজা হিসাবে ফাঁসির সংস্থান রেখে আইন প্রণয়নের জন্য রাজ্য সরকার বিধানসভায় বিল আনতে চলেছে।

২) আর জি কর কান্ডের প্রতিবাদে কর্মবিরতি চালিয়ে যাওয়া জুনিয়ার ডাক্তারদের আরও একবার কাজে ফেরার আবেদন জানিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, তাদের বিরুদ্ধে তিনি এফআইআর দায়ের করতে চাননা।

৩) তৃণমূল ছাত্র পরিষদের সভায় মুখ্যমন্ত্রী হিংসায় উষ্কানি দিয়েছেন বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে অভিযোগ জানিয়েছেন বিজেপি রাজ্য সভাপতি।

৪) আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে সাসপেন্ড করেছে আইএমএ।

৫) রাষ্ট্রপতি বলেছেন, আর জি করের ঘটনায় তিনি হতাশা, আতঙ্কিত।

৬) ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানে পুলিশি আচরণের প্রতিবাদে বিজেপির ডাকা ১২ ঘন্টার বাংলা বনধকে কেন্দ্র করে বিক্ষিপ্ত অশান্তির খবর মিলেছে।

৭) উচ্চ প্রাথমিকে ১৪ হাজারের বেশি শূন্যপদে নিয়োগের জন্য নতুন করে মেধাতালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

---

ধর্ষণের সর্বোচ্চ সাজা হিসাবে ফাঁসির সংস্থান রেখে আইন প্রণয়নের জন্য রাজ্য সরকার বিধানসভায় বিল আনতে চলেছে। আজ নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই প্রস্তাব অনুমোদিত হয়। এজন্য সোমবার দোসরা সেপ্টেম্বর বিধানসভায় বিশেষ অধিবেশন ডাকা হয়েছে। ঐদিন প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব গ্রহণের পর দিনের মত অধিবেশন মুলতুবি হয়ে যাবে। মঙ্গলবার রাজ্যের তরফে প্রস্তাবিত বিল পেশ করা হবে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গেছে। আলোচনায় অংশ নেবেন মুখ্যমন্ত্রীও। বিলের খসড়া তৈরির দায়িত্ব দেওয়া হয়েছে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, আইন মন্ত্রী মলয় ঘটক ও অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্যকে। বিরোধীরাও বিলের ওপর আলোচনায় অংশ নেবেন বলে মুখ্যমন্ত্রীর আশা।

------------------------

ধর্ষণের সর্বোচ্চ সাজা হিসাবে ফাঁসির সংস্থান রেখে মুখ্যমন্ত্রীর বিল আনার ঘোষণাকে তীব্র কটাক্ষ করেছেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী। এর আগের বিভিন্ন ধর্ষণ ও হত্যার ঘটনা মনে করিয়ে দিয়েছেন তিনি।

বাইট

------------------------

আর জি কর কান্ডের প্রতিবাদে কর্মবিরতি চালিয়ে যাওয়া জুনিয়ার ডাক্তারদের আরও একবার কাজে ফেরার আবেদন জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, অনেক মানুষ চিকিৎসা পাচ্ছেন না, বেঘোরে মারা যাচ্ছেন। তিনি এখনও কোনো ব্যবস্থা নেননি, কিন্তু এই পরিস্থিতি অনির্দিষ্টকাল চলতে পারেনা।

বাইট

কলকাতার মেয়ো রোডে তৃণমূল ছাত্র পরিষদের সভায় আজ আর জি কর কান্ডের সিবিআই তদন্তের অগ্রগতি নিয়েও প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী বলেন, ধর্ষণের একমাত্র শাস্তি মৃত্যুদন্ড। কেন্দ্রের কাছে কঠোর আইনের জাবি জানিয়েও সাড়া মেলেনি। আগামী দিনেও এই দাবিতে তৃণমূল কংগ্রেস আন্দোলন চালাবে। আর জি কর কান্ডের অপরাধীর ফাঁসির দাবিতে রাজ্য, জেলা ও ব্লকস্তরে কর্মসূচীর কথাও ঘোষণা করেন দলের সর্বোচ্চ নেত্রী।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীও ধর্ষণের ঘটনায় দোষীদের ফাঁসির দাবি জানান। হাথরাস, উন্নাও, কাঠুয়ার ঘটনা স্মরণ করিয়ে দিয়ে তিনি বলেন, বিজেপির কাছ থেকে নারী সুরক্ষার কথা শুনতে তারা রাজী নন।

প্রদেশ কংগ্রেসের ছাত্র সংগঠন, ছাত্র পরিষদের ৭১ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ কলকাতার মহাজাতি সদনে এক অনুষ্ঠানে দলের প্রবীণ নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, তৃণমূল কংগ্রেসের আমলে রাজ্যে এক ভয়ানক পরিস্থিতি তৈরি হয়েছে। মমতা ব্যানার্জীর সরকার ও তার পুলিশ গোড়া থেকে ঘটনাটিকে আড়াল করার, সত্যকে ধামাচাপা দেওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলা তথা দেশের গন্ডী ছাড়িয়ে বিশ্বের বিভিন্ন প্রান্তে আর জি করের ঘটনার প্রতিবাদ হচ্ছে বলেও জানান অধীর বাবু।

------------------------

তৃণমূল ছাত্র পরিষদের সভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী হিংসায় উষ্কানি দিয়েছেন বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকে চিঠি দিয়ে অভিযোগ জানিয়েছেন বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি লিখেছেন, রাজ্যের সর্বোচ্চ প্রশাসনিক পদে থেকেও খোলাখুলি বদলার রাজনীতি কররা কথা বলেছে মুখ্যমন্ত্রী। শ্রী মজুমদারের দাবি, বাংলায় যদি আগুন জ্বলে, তাহলে আসম, বিহার, ঝাড়খন্ড, ওড়িশা, দিল্লীও জ্বলবে বলে মুখ্যমন্ত্রীর মন্তব্য রাষ্ট্র বিরোধী। তাঁর ওপর নজরদারির দাবি জানিয়েছেন তিনি।

------------------------

আর জি কর হাসপাতালে চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও হত্যা এবং পরবর্তী ঘটনাবলীর প্রেক্ষিতে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন, প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে আইএমএ-র সদস্য পদ থেকে সাসপেন্ড করেছে। সংগঠনের জাতীয় সভাপতি ডক্টর আর ভি অশোকান গঠিত ডিসিপ্লিনারি কমিটি, সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছে আইএমএ।

এদিকে, নিহত চিকিৎসকের জন্য ন্যায়বিচারের দাবিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফোরাম, আজ শ্যামবাজার থেকে ধর্মতলা পর্যন্ত মিছিল করে। মিছিল শেষে এক সভায় সন্দীপ ঘোষের সাসপেনশন সহ তাদের দাবির কথা তুলে ধরে জুনিয়ার ডাক্তাররা বলেন, তাঁরাও কাজে যোগ দিতে চান। কিন্তু অপরাধীরা এখনও গ্রেপ্তার হয়নি। তাঁরা এখনও ন্যায় বিচারের অপেক্ষায়।

আর জি কর কান্ডের প্রতিবাদে এবং ন্যায় বিচারের দাবিতে আগামীকাল কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত মিছিলের ডাক দিয়েছে পথের দাবি নামে নাগরিক সমাজের একটি অংশ। ক্রীড়া প্রেমীদেরও এতে যোগ দেওয়ার আবেদন জানানো হয়েছে। প্রদেশ কংগ্রেসও আগামীকাল পদযাত্রা করবে কলেজস্কোয়ার থেকে শ্যামবাজার পর্যন্ত।

অন্যদিকে, এই ইস্যুতেই কোচবিহারের দিনহাটায় মহিলাদের একটি প্রতিবাদ মিছিলকে কেন্দ্র করে আজ বিকেলে উত্তেজনা ছড়ায়। দিনহাটার চৌপথি এলাকায় আগে থেকেই মিছিলের জন্য জমায়েত হয়েছিলেন তৃণমূল মহিলা কংগ্রেসের সদস্যরা। প্রতিবাদী মহিলাদের মিছিল শুরু হলে তৃণমূল সংগঠনের মহিলারা বাধা দেন বলে অভিযোগ। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে পুলিশ দুপক্ষকেই সরিয়ে দেয়।

------------------------

আর জি কর হাসপাতালের ঘটনায় তিনি হতাশ এবং আতঙ্কিত বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জানিয়েছেন। ৯ ই আগস্ট চিকিৎসক ধর্ষণ ও হত্যার ঘটনাটি প্রকাশ্যে

আসার পর তাঁর প্রথম সরকারি বিবৃতিতে রাষ্ট্রপতি বলেছেন, নৃশংস ঐ ঘটনা গোটা দেশের মানুষকে স্তম্ভিত করে দিয়েছে। যথেষ্ট হয়েছে, আর নয় – সমবেতভাবে এই বার্তা নিয়ে সোচ্চার হতে জনসাধারণের প্রতি আবেদন জানিয়েছেন তিনি। মহিলাদের বিরুদ্ধে অপরাধের ঘটনার সাম্প্রতিক বাড়বাড়ন্ত নিয়ে শ্রীমতি মুর্মু বলেছেন, এর শিকড় খুঁজে বের করতে সততার সঙ্গে আত্মসমীক্ষা করা প্রয়োজন। তাঁর কথায়, ছাত্রছাত্রী, ডাক্তার এবং নাগরিকরা যখন কলকাতায় প্রতিবাদ করছেন, তখন অন্য কোথাও শিকারের অপেক্ষায় রয়েছে অপরাধীরা। এমনকি শিশু কন্যারাও রেহাই পাচ্ছে না। কোনো সভ্য সমাজ, কন্যা এবং বোনেদের এধরনের নির্যাতনের শিকার হতে দিতে পারে না।

------------------------

আর জি কর কান্ডের প্রতিবাদে এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানে পুলিশি আচরণের প্রতিবাদে বিজেপির ডাকা ১২ ঘন্টার বাংলা বনধকে কেন্দ্র করে বিক্ষিপ্ত অশান্তির খবর মিলেছে। বনধ সমর্থকদের হটাতে অনেক জায়গায় পুলিশ বলপ্রয়োগ করে বলে অভিযোগ। আটক ও গ্রেপ্তার করা হয় রাহুল সিনহা, মনোজ টিগ্গা, অগ্নিমিত্রা পাল, শমিক ভট্টাচার্য্য, রূপা গাঙ্গুলী, লকেট চ্যাটার্জী, সজল ঘোষ সহ বেশ কিছু নেতা কর্মীকে। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

বনধ চলাকালীন উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায় বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডের গাড়ি লক্ষ্য করে বোমা-গুলি ছোড়া হলে চালক গুরুতর আহত হন। তাঁকে প্রথমে ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতাল এবং পরে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পুলিশ এই ঘটনায় আট জনকে গ্রেপ্তার করেছে।

বনধকে কেন্দ্র করে অশান্তি হয় শিলিগুড়িতেও। ডাবগ্রাম-ফুলবাড়ির বিজেপি বিধায়ক শিখা চট্টোপাধ্যায় অবরোধে সামিল হলে, তাঁর ওপর শাসকদলের কর্মী সমর্থকরা হামলা চালায় বলে অভিযোগ। জলপাইগুড়ির বিজেপি সাংসদ জয়ন্ত রায়ের গাড়ি ঘিরে বিক্ষোভ দেখানোর সময় পুলিশের সামনেই তাকে হেনস্থা করা হয় বলে অভিযোগ করেছেন তিনি।

কোচবিহারে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাসস্ট্যান্ডে পিকোটিং করতে গিয়ে আটক হন বিজেপি বিধায়ক নিখিল রঞ্জন দে, মালতী রাভা রায় প্রমুখ। পথ অবরোধের সময় মাথাভাঙ্গার বিধায়ক সুশীল বর্মণকে পুলিশ টেনে হিঁচড়ে ভ্যানে তোলে। মেখলিগঞ্জে জামালদহে বিজেপি তৃণমূল কংগ্রেস সংঘর্ষে মাথা ফাটে এক তৃণমূল কর্মীর।

জোর করে দোকান বন্ধ করা, বাস ভাঙচুর, পথ অবরোধের মত ঘটনায় অশান্তির খবর এসেছে বিভিন্ন জেলা থেকে।

------------------------

বনধ সমর্থনের জন্য সাধারণ মানুষকে ধন্যবাদ জানিয়েছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সাংবাদিকদের বলেন, বহু জায়গায় মানুষ বনধের সমর্থনে এগিয়ে এসেছেন।

বাইট

অন্যদিকে, তৃণূল কংগ্রেসের দাবি, বিজেপির ডাকা বনধ সম্পূর্ণ ব্যর্থ। দলের মুখপাত্র কুনাল ঘোষ সাংবাদিকদের বলেন,

বাইট

------------------------

ছাত্র সমাজের ডাকা নবান্ন অভিযানকে কেন্দ্র করে গতকালের অশান্তির সময় বাবুঘাটে বিক্ষোভকারীদের ছোড়া ইটের আঘাতে কলকাতা পুলিশের ট্রাফিক সার্জেন্ট

দেবাশিস চক্রবর্তীর বাঁ চোখ নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা। গতরাতে শঙ্কর নেত্রালয়ে তাঁর চোখে অস্ত্রোপচার হয়।

------------------------

উচ্চ প্রাথমিকে ১৪ হাজারের বেশি শূন্যপদে নিয়োগের জন্য নতুন করে মেধাতালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি পার্থসারথি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ, আজ স্কুল সার্ভিস কমিশনকে আগামী চার সপ্তাহের মধ্যে মেধাতালিকা প্রকাশ করতে বলেছেন। তার পরের চার সপ্তাহের মধ্যে কাউন্সেলিং করতে হবে। এর ফলে সাত বছরের নিয়োগ-জট কাটল।

------------------------ ------------------------